



Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

09 June 2011

“Tagore's ideas can restore peace in a troubled world” Ambassador Akramul Qader addresses a group of Tagore scholars at the Library of Congress

The Asian Division of the Library of Congress celebrated 150th birth anniversary of Rabindranath Tagore on June 9, 2011 by organizing a discussion and cultural programme. [Bangladesh](#) Ambassador to the [USA](#) and State Minister H.E. Mr. Akramul Qader addressed a group of eminent Tagore scholars as a distinguished guest at the programme.

In his speech Ambassador Akramul Qader focused on how the vision and scholarly works by the multi-dimensional genius of Tagore bears a strong relevance for intellectual pursuits in modern times and that his ideas can restore peace in a troubled world. “Tagore is an enlightened option for our global development discourse in a multi-disciplinary context”-noted Ambassador Qader, “his (Tagore's) writings and unquestionably timeless ideas on peace and development can serve us simultaneously as an inspiration and a ready reference.” Held at the Asian Division Foyer, Jefferson Building of the Library of Congress, the programme was also attended by Dr. Virender Paul, Minister (Press Information and Culture) of the Indian Embassy in [Washington DC](#). Dr. Anandarup Ray, a World Bank economist and alumnus of Visva-Bharati University and Dr. Anis Ahmed, an international radio broadcaster at the Voice of America were the panel discussants. Dr. Sudeshna Basu, a Professor of Mathematics at the George Washington University rendered Tagore songs. Mr. Iqbal Bahar Chowdhury, former editor in chief of VOA Bangla service, recited a Tagore poem at the programme.

On this occasion, the Library of Congress also put on display a sampling of South Asian collection related to Rabindranath Tagore in its Asian Division Reading Room where Bengali collection contains over 10,000 volumes.

Contact: Muhammad Nazmul Hoque, First Secretary & Head of Chancery, Phone: 202-244-3830, Fax : 202-244-2771, e-mail : bdootwash@bdembassyusa.org

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

০৯ জুন ২০১১

“ রবীন্দ্রনাথ ঠাকুরের ভাবধারা সমস্যাসংকুল পৃথিবীতে শান্তি ফিরাতে পারে” লাইব্রেরী অব কংগ্রেসে
রবীন্দ্রজন্মজয়ন্তী উৎসবে রাষ্ট্রদূত আকরামুল কাদের

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫০তম জন্মজয়ন্তী উপলক্ষে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনস্থ লাইব্রেরী অব কংগ্রেস একটি আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের।

মান্যবর রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের বহুমাত্রিক প্রতিভা এবং বর্তমান বিশ্বে রবীন্দ্রদর্শন ও ভাব ধারার বিশেষ প্রাসংগিকতা সম্পর্কে আলোকপাত করেন। রাষ্ট্রদূত কাদের বলেন যে, বিশ্বশান্তি প্রতিষ্ঠায় ও মানব উন্নয়নে রবীন্দ্রনাথ ঠাকুরের চিন্তা চেতনা ও সৃষ্টিশীল সাহিত্য বিশেষ ভূমিকা রাখতে পারে যা বিশ্ববাসীর জন্য একাধারে দিক নির্দেশনা ও অনুপ্রেরণার উৎস। লাইব্রেরী অব কংগ্রেস জেফারসন ভবনের এশিয়া বিভাগ ফয়ার-এ অনুষ্ঠিত আলোচনা সভায় সমাগত রবীন্দ্র গবেষক ও অনুরাগী পাঠকবর্গের মধ্যে বক্তব্য রাখেন ওয়াশিংটনস্থ ভারতীয় দূতাবাসের মিনিস্টার (তথ্য ও সংস্কৃতি) ডঃ ভিরেন্দর পল, বিশ্বব্যাংকে কর্মরত অর্থনীতিবিদ ও বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্র ডঃ আনন্দরূপ রায় এবং ভয়েস অব আমেরিকায় বাংলা বিভাগে কর্মরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক ডঃ আনিস আহমেদ। অনুষ্ঠানে জর্জ ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ডঃ সুদেষ্ণা বসু রবীন্দ্রসংগীত পরিবেশন করেন। ভয়েস অব আমেরিকার বাংলা বিভাগের সাবেক প্রধান সম্পাদক জনাব ইকবাল বাহার চৌধুরী রবীন্দ্রনাথ ঠাকুরের কবিতা পাঠ করেন।

উল্লেখ্য রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষে লাইব্রেরী অব কংগ্রেসের এশিয়া বিভাগ তাদের রবীন্দ্র সম্পর্কিত বিভিন্ন সংগ্রহ দর্শনার্থীদের জন্য প্রদর্শনের ব্যবস্থা করে। গ্রন্থাগারটিতে বাংলা ভাষায় লিখিত পুস্তকের সংখ্যা বর্তমানে দশ হাজারেরও বেশি।

যোগাযোগ : মোহাম্মদ নাজমুল হক, প্রথম সচিব এবং হেড অব চ্যান্সারী, ফোন : ২০২-২৪৪-৩৮৩০, ফ্যাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ই-মেইল : bdootwash@bdembassyusa.org